

**উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির জুলাই/ ২০১৮ মাসের অনুষ্ঠিত সভার সভার কার্যবিবরণী**

**সভাপতি :** মোঃ ওলিউজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ  
**স্থান :** উপজেলা পরিষদ সভা কক্ষ  
**তারিখ :** ০৯/০৭/ ২০১৮ খ্রি, সময় : সকাল : ১১.৫০ ঘটিকা

**উপস্থিতি : পরিশিষ্ট “ক” (হাজিরীর অনুমতি)**

সভার শুরুতে সভাপতি বেলকুচি উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটির উপস্থিত সকল সদস্য ও সুধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, বাল্যবিবাহ নিরোধক঳ে পৌরসভার মেয়র/কাউন্সিলর, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সচিব, ওয়ার্ড মেম্বর, স্থানীয় প্রতিনিধি ও সাধারণ মানুষের সমন্বয়ে সভা/সমাবেশ করে বাল্য বিবাহের ক্ষতিকর দিক সম্পর্কে জনসাধারণকে সচেতন করে তুলতে হবে এবং বাল্যবিবাহ বন্ধ করতে হবে।

অতঃপর সভায় বিস্তারিত আলোচনাতে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য বিষয়   | সিদ্ধান্ত   | বাস্তবায়নকারী   |
|---------|--|---|--|
| ০১      | পৌরসভা, ইউনিয়ন, ওয়ার্ড এবং গ্রাম পর্যায়ে সচেতনতামূলক সভা  | বাল্যবিবাহ নিরোধক঳ে পৌরসভার মেয়র/কাউন্সিলর, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সচিব, ওয়ার্ড মেম্বর, স্থানীয় প্রতিনিধি ও সাধারণ মানুষের সমন্বয়ে সভা/সমাবেশ করে বাল্য বিবাহের ক্ষতিকর দিক সম্পর্কে জনসাধারণকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সচিব, ওয়ার্ড মেম্বর  |
| ০২      | বাল্যবিবাহের ক্ষতিকর দিকগুলোর বিষয়ে ক্ষুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ, মন্দিরে গণসচেতনতামূলক আলোচনাসভা অনুষ্ঠান অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।                            | বাল্যবিবাহের ক্ষতিকর দিকগুলোর বিষয়ে কোমলমতি ছেলেমেয়েদের সচেষ্ট করার লক্ষ্যে ক্ষুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ, মন্দিরে গণসচেতনতামূলক আলোচনাসভা অনুষ্ঠান অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।  | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সচিব |
| ০৩      | বাল্য বিবাহ, যৌন হয়রানী নিরোধে মোবাইল কোর্ট পরিচালনা আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।   | বাল্য বিবাহ, যৌন হয়রানী নিরোধে মোবাইল কোর্ট পরিচালনা আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।  | উপজেলা নির্বাহী অফিসার/অফিসার ইনচার্জ  |
| ০৪      | বিয়ে রেজিস্ট্রি করার পূর্বে মেয়ের বয়স নিশ্চিত হওয়ার জন্য ক্ষুল/কলেজ ও ইউপি চেয়ারম্যানের সাথে যোগাযোগ করা এবং অন লাইনে বয়সের সঠিকতা যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিয়ে রেজিস্ট্রি করার পূর্বে মেয়ের বয়স নিশ্চিত হওয়ার জন্য ক্ষুল/কলেজ ও ইউপি চেয়ারম্যানের সাথে যোগাযোগ করা এবং অন লাইনে বয়সের সঠিকতা যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়।  | উপজেলা নির্বাহী অফিসার মেয়র/চেয়ারম্যান সকল ইউপি  |
| ০৫      | কাজীদের ব্যাপারে আলোচনা  | যাদের উপযুক্ত বয়স হয়নি তাদের বিবাহ পড়ানো থেকে কাজীদের বিরত থাকার এবং যে সকল কাজীগণ অন লাইনে জন্ম সনদ ছাড়া অন্য কৌশলে বিবাহ রেজিস্ট্রি পরিচালনা করবেন তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।  | উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি, কাজী সমিতি   |
| ০৬      | অন্য জায়গাতে নিয়ে বাল্য বিবাহ পড়ানো   | যারা নিজ এলাকাতে বাল্য বিবাহ না দিতে পেরে অন্য জেলা বা উপজেলাতে নিয়ে বিয়ে পড়ান তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।  | উপজেলা নির্বাহী অফিসার, সভাপতি, কাজী সমিতি   |
| ০৭      | মসজিদের ইমামগণ খুৎবার পূর্বে যৌতুক ও বাল্য বিবাহ বিরোধী বজ্রব্য প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।  | মসজিদের ইমামগণ খুৎবার পূর্বে যৌতুক ও বাল্য বিবাহ বিরোধী বজ্রব্য প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।   | সহকারী পরিচালক ইসলামিক ফাউন্ডেশন   |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ ওলিউজ্জামান)  
 উপজেলা নির্বাহী অফিসার  
 ও সভাপতি  
 উপজেলা বাল্যবিবাহ নিরোধ কমিটি  
 বেলকুচি, সিরাজগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বেলকুচি, সিরাজগঞ্জ  
[belkuchi.sirajganj.gov.bd](http://belkuchi.sirajganj.gov.bd)

উন্নয়নের গগনতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক ন.- ০৫.৪৩.৮৮১১.০০১.৩১.০১৮.১৭- ৮৭১(৫০)

তারিখ: ১০/০৭/২০১৮ খ্রি:

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জনাব আলহাজ্জ মোঃ আব্দুল মজিদ মন্ডল, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৬ সিরাজগঞ্জ-৫।
- ২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৫। মেয়র, বেলকুচি পৌরসভা, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৭। সহকারী কমিশনর (ভূমি), বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৮। অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সিরাজগঞ্জ।
- ৯। উপজেলা,..... অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১০। চেয়ারম্যান/সচিব, বেলকুচি সদর/রাজাপুর/ভাস্তাপুর/দৌলতপুর/ধুকুরিয়াবেড়া/বড়বুল ইউ, পি, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বেলকুচি প্রেস ক্লাব, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১২। জনাব,.....।
- ১৩। উপজেলা টেকনিশিয়ান, বেলকুচি, সিরাজগঞ্জ (ওয়েব সাইটে একাশের জন্য)।
- ১৪। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার  
বেলকুচি, সিরাজগঞ্জ